দৈনিক ইনকিলাব

তারিখ ··· APR. 4 · 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

136

## কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মোহাম্মদপুর থানা কমিটি গঠিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) ঢাকা মহানগর কমিটির উদ্যোগে ২১ মার্চ ঢাকার মোহাম্মদপুর মহিলা কলেজ মিলনায়তনে বাকবিশিস মোহাম্মদপুর থানা সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রিন্সিপাল সহিদুন্নাহারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে মোহাম্মদপুর থানার অন্তর্গত বিভিন্ন কলেজের শতাধিক শিক্ষক প্রতিনিধি অংশ গ্রহণ করেন এবং বাকবিশিস কেন্দ্রীয় কমিটির সহসভাপতি প্রফেসর ডঃ বঙ্গলাল সেন, অধ্যাপক শফিকুল মণ্ডল, প্রিন্সিপাল মোহাম্মদ শাজাহান, অধ্যাপক মনির হোসেন, অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক নজরুল মজিদ বেলাল, প্রিন্সিপাল আবদুর রশিদ, প্রিন্সিপাল শহিদুল্লাহ, অধ্যাপক এম এ বারী, অধ্যাপক আবুবকর চৌধুরী এবং মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপাল বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক এম শরিফুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

সম্মেলনে মোহাম্মদপুর মহিলা কলেজের প্রিন্সিপাল শহিদুন্নাহারকে সভানেত্রী এবং অক্সফোর্ড কলেজের প্রিন্সিপাল শহিদুল্লাহকে সাধারণ সম্পাদক করে ৪২ সদস্যবিশিষ্ট বাকবিশিস মোহাম্মদপুর থানা কমিটি গঠন করা হয়।